দামুড়হুদায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা থেকে ১৫০ বোতল ফেনসিডিলসহ আব্দুর রশিদ (৫০) নামের এক মাদকব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬’র একটি দল। গোপন সংবাদের ভিত্তিতে শনিবার সকালে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। আটক আব্দুর রহিম একই উপজেলার সুবলপুর গ্রামের মৃত আব্দুল করিমের ছেলে।

র্যাব-৬’র কোম্পানী কমান্ডার কামাল উদ্দিন জানান, গোপন সংবাদে অভিযান চালিয়ে কার্পাসডাঙ্গা পূর্বপাড়ার কবরস্থানের কাছ থেকে মাদক ব্যবসায়ী আব্দুর রশিদকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে উদ্ধার করা হয় ১৫০ বোতল ফেনসিডিল।

কোম্পানী কমান্ডার আরো জানান, আটককৃতকে দামুড়হুদা থানায় সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে একই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

কালীগঞ্জে বেড়েছে প্লাস্টিকের ব্যবহার

করোনা ভাইরাস প্রতিরোধে কালীগঞ্জে বেড়েছে প্লাস্টিকের গ্লাস ও প্লেটের ব্যবহার, ব্যবহার শেষে যা ফেলা হচ্ছে যত্রতত্র। যে কারণে দূষিত হচ্ছে পরিবেশ।

করোনার শুরু থেকে সংক্রমণ প্রতিরোধে কালীগঞ্জ শহরসহ গ্রামাঞ্চলের মানুষ ব্যবহার শুরু করে প্লাস্টিকের গ্লাস ও প্লেট। চায়ের দোকানে প্লাস্টিকের গ্লাসে চা খেয়ে ফেলে রাখা হচ্ছে যেখানে সেখানে। বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ, খাবার ও চায়ের দোকানে একবার ব্যবহৃত এই পাত্রগুলো ফেলা হচ্ছে পাশের পুকুর, ডোবা, ড্রেন কিংবা রাস্তার পাশে। ফলে দূষিত হচ্ছে পরিবেশ।

ব্যবসায়ীরা বলছেন, ক্রেতারা ওয়ান টাইম পাত্র ছাড়া খাচ্ছেন না। অতিরিক্ত খরচ হলেও এসব পাত্রে খাবার পরিবেশন করতে বাধ্য হচ্ছি। অনেকে ফেরি করে চা বিক্রি করছেন তারাও ওয়ান টাইম গ্লাসেই বিক্রি করছেন।

কালীগঞ্জ বাসস্ট্যান্ডের চা দোকানি রোকনুজ্জামান, রনজিত কুমার রায়, নিশিত কুমার ঘোষ, আবদুল আলিম, নুর ইসলাম বলেন করোনা শুরুর পর থেকে ওয়ান টাইম গ্লাসের ব্যবহার বেড়েছে। দোকানের সামনে গ্লাস ফেলার জন্য পাত্র দিলেও ক্রেতারা চা খেয়ে যেখানে সেখানে ছুঁড়ে ফেলছেন।

মেহেরপুরে আর বি পার্কিং টাইলস কারখানার উদ্বোধন

মেহেরপুরে আর বি পার্কিং টাইলস কারখানার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর স্টেডিয়ামের পূর্ব পাশে এই কারখানার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে আর বি পার্কিং টাইলস কারখানার প্রোপাইটার আবুল হাসেমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম।

প্রোপাইটার আবুল হাসেম জানান, মেহেরপুরে বিভিন্ন দোকানে টাইলস বিক্রয় হলেও, টাইলস ক্রেতারা তাৎক্ষণিকভাবে কিছু টাইলস পেলেও সব টাইলস পান না। তাই আমাদের মূল লক্ষ্য আমার এই কারখানাতে ক্রেতাদের চাহিদা অনুযায়ী দেশি, বিদেশি সব ধরনের টাইলস পাবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. এস এম ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক ও জজকোর্টের পিপি অ্যাড. পল্লব ভট্টাচার্য, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা ইমারত নির্মাণ কারীর সভাপতি আব্দুল করিম, জেলা টাইলস শিল্প কল্যাণ সমিতির সভাপতি আবু সাঈদ,

জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম রাজিব, সহ-সভাপতি রাজু আহমেদ লিটিল, বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সোহেল রানা, সাধারণ সম্পাদক তরুণ আহমেদ, জেলা ইমারত নির্মাাণকারী শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক আলেক উদ্দিন, সহ-সম্পাদক রাসেল প্রমুখ।

হযরত মুহাম্মদ(সাঃ) এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ

ফ্রান্সের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মুহাম্মদ(সাঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে “এসো আলোর পথে” যুব সংগঠনের উদ্যোগে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার দুপুরে মেহেরপুরের সুবিদপুর বিশ্বাস পাড়া জামে মসজিদের সামনে সুবিদপুর ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আরিফুল বিশ্বাস এর নেতৃত্বে এই মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, বৈকন্ঠপুর মসজিদের ইমাম দেলোয়ার হোসেন, সুবিদপুর বিশ্বাস পাড়া জামে মসজিদের ইমাম শাহিন ইসলাম, খানপাড়া মসজিদের ইমাম শহিদুল ইসলাম প্রমুখ।

বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

মেহেরপুরের চকশ্যামনগরে স্বপ্নছোঁয়া হেল্প ফাউন্ডেশনের উদ্যোগে টিউবওয়েল স্থাপন

মেহেরপুরে সামাজিক সংগঠন স্বপ্নছোঁয়া হেল্প ফাউন্ডেশনের উদ্যোগে চকশ্যাম নগরে কৃষকদের কষ্ট লাঘবে বটতলা নামক স্থানে টিউবওয়েল স্থাপন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকালে স্বপ্নছোঁয়া হেল্প ফাউন্ডেশনের উপদেষ্টা নাসির উদ্দিন উপস্থিত থেকে টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন করেন।

এ সময় তিনি বলেন আমাদের মূল লক্ষ্য হলো বিভিন্ন মাঠে কৃষকদের কষ্ট লাঘবে টিউবওয়েল স্থাপন করা, যেনো তারা পানি সংকটে না পড়ে। আমরা এই নিয়ে দুইটি টিউবওয়েল স্থাপন করে দিয়েছি। শুধু চকশ্যাম নগর মাঠের জন্য নয়, আমরা যে গ্রামের মাঠে শুনবো কৃষকদের পানি সংকট হচ্ছে আমরা সেই গ্রামের মাঠে টিউবওয়েল স্থাপন করে দিবো। আপনাদের একটু সহযোগিতায় একজন কৃষকের কষ্ট দূর হতে পারে।

এ সময় স্থানীয় কয়েকজন কৃষক মেহেরপুর প্রতিদিনকে জানান, অনেক দিন পর একটি ভালো উদ্যোগ দেখলাম যেটা আমাদের জন্য খুবই প্রয়োজনীয়। আমরা ফসলে পোকা নিধনের জন্য প্রতিনিয়তই কিটনাষক প্রয়োগ করি, যে কারণে মাঝে মধ্যেই পানি সংকটের মুখে পড়তে হয়। কোনো কোনো দিন বাড়ি থেকে ৩০ লিটার পানি বহন করে আনতে হয়। সেই দিক থেকে আমরা খুবই উপকৃত হয়েছি।

এ সময় স্বপ্নছোঁয়া হেল্প ফাউন্ডেশনের সদস্য শামারুল, সেলিম, জাহাঙ্গীর, ইখলাস, সাইদুল, রাজ্জাক, লালু প্রমুখ উপস্থিত ছিলেন।

ত্রিমোহনীতে উদ্বোধনী খেলায় কালিগঞ্জ জয়ী

ঝিনাইদহের সাগান্না ইউনিয়নের ‘উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব’ এর আয়োজন ত্রিমোহনী ফুটবল লীগের শুভ উদ্বোধন হয়েছে। উদ্বোধনী খেলায় কালিগঞ্জ হেলাই একাদশ হরিনাকুণ্ডু একাদশের বিপক্ষে ২-০ গোলে জয় লাভ করেছে।

গতকাল বিকাল ৩ টায় ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন তার বক্তব্যের মাধ্যমে খেলার শুভ উদ্বোধন করেন।

এ সময় আরও বক্তব্য রাখেন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, আওয়ামী লীগ নেতা ইউনুচ আলী ইনু।

এছাড়াও উপস্থিত ছিলেন ত্রিমোহনী মিল মালিক সমিতির সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক আরশাদ আলী, হুশিয়ার রহমান, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুর্পি, আঃ রশিদ, ফজলুল করিম, আমজাদ হোসেন, ফারুক সরকার।

ত্রিমোহনী ফুটবল লীগের দ্বিতীয় খেলা আগামী ১৪-১১-২০২০ রোজ শনিবার অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় কোটচাঁদপুর একাদশের বিপক্ষে লড়বে ঝিনাইদহ বি(ভাটই) একাদশ। লায়ন্স ক্লাবের কর্ণধার মোঃ বকুল হোসেন ও হাবিব মিয়া ফুটবল লীগের দ্বিতীয় খেলায় সকলকে আমন্ত্রণ জানান।

ঝিনাইদহে সম্মিলিত সাংস্কৃতিক

জোটের অফিস নির্মাণের উদ্বোধন

ঝিনাইদহ সম্মিলিত সাংস্কৃতিক জোটের অফিস ঘর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ শিল্পকলা একাডেমির পিছনে এই অফিসঘর নির্মাণের কাজের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বে-সরকারি সংস্থা সিও’র নির্বাহী পরিচালক শামসুল আলম, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জোয়ার্দ্দাার ও সাধারণ সম্পাদক বাবুল আক্তার লাল্টুসহ জোটের নেতৃবৃন্দ ।

দীর্ঘ দিনের এই প্রত্যাশা বাস্তবে রূপ নেওয়ায় সম্মিলিত সাংস্কৃতিক জোটের নেতৃবৃন্দ মেয়রের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

কুষ্টিয়ায় বিবাহবার্ষিকীর সাজে বাল্যবিয়ে, মহিলা বিষয়ক কর্মকতার থাবা

বাল্যবিয়ের আয়োজন করে বিবাহবার্ষিকী বলে প্রচারণা চালিয়েও পার পায়নি কণের বাবা। শুক্রবার এ বিয়ের আনুষ্ঠানিকতা ছিলো।

কুষ্টিয়া সদর উপজেলার জিয়ারখী ইউনিয়নের গোপালপুর এলাকার মিজানুর রহমান তার ১৩ বছর বয়সী মেয়ের বিয়ের আয়োজন করেন।

কিন্তু বাঁধ সাধে উপজেলা মহিলা বিষয়ক অধিদফতর ও কিশোর কিশোরী ক্লাব এবং তারুণ্য ৭১ নামের সংগঠন। তাৎক্ষণিক মহিলা বিষয়ক অফিসার মর্জিনা খাতুনের হস্তক্ষেপে তা আর হয়নি। মুচলেকা দিয়ে রক্ষা

পেয়েছেন মেয়ের বাবা।

পরে মুচলেকা দিয়ে ওই বিয়ে বন্ধ করতে হয় তাঁকে।

সদর উপজেলা মহিলা বিষয়ক অফিসার মর্জিনা খাতুন বলেন, ওই ব্যক্তি আইন লঙ্ঘন করে তাঁর স্কুলপড়ুয়া মেয়ের বিয়ে দিচ্ছিলেন। খবর পেয়ে তিনি গিয়ে সেই বিয়ে বন্ধ করে দিয়েছেন। তবে স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা পাননি বলেও দাবী করেন।

মর্জিনা খাতুন বলেন, ধুমধাম করে বাল্য বিয়ের আয়োজন করতেও কৌশল অবলম্বন করেন তারা। বিশাল প্যান্ডেল, স্টেজ করাসহ বিশালাকৃতির তোরণ (গেট) বানানো হয়। তবে ছলচাতুরী করে গেটের উপর বিবাহ বার্ষিকীর ব্যানার সাঁটিয়ে দেওয়া হয়। সেখানে লেখা ছিলো ফারুক হোসেন ও নেহা ফেরদৌসী বৃষ্টির বিবাহ বার্ষিকী। প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে বিয়ের অনুষ্ঠানকে বিবাহ বার্ষিকী বলে প্রচারণা চালিয়েও পার পায়নি।

তবে এতোকিছুর পরেও ‘আইনগত জটিলতার কারণে বিয়ে দেওয়ার সিদ্ধান্ত থেকে সরে আসার কথা মুচলেকায় উল্লেখ করেছেন মেয়ের বাবা।’

মুচলেকায় কণের বাবা মিজানুর রহমান লেখেন, এই মর্মে অঙ্গীকার করছি যে, আমার মেয়ের বয়স ১৮বছর পুর্ণ না হওয়া পর্যন্ত আমার মেয়েক বিয়ে দিলে আইনগত যা শাস্তি হবে তাই মেনে নেবো।

মিজানুর রহমান জানান, ভুলবশত আমার মেয়েকে বিয়ে দিতে রাজি হয়েছি কিন্তু উপজেলা মহিলা বিষয়ক অফিসার এই বাল্য বিয়ে বন্ধ করতে আমার বাড়িতে এসেছে তাই আমি আমার মেয়েকে আর বিয়ে দেবো না।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের পৃথক অভিযানে অবৈধ কারেন্ট জাল ও লাইসেন্স বিহীন পোল্ট্রি ফিডে জরিমানা আদায় কারা হয়েছে।

ব্যবসা পরিচালনা, সামাজিক দূরুত্ব বজায় না রাখা ও মাস্ক ব্যবহার না করার দায়ে ১৩ হাজার ৫’শ টাকা জরিমানা আদায় করা হয়েছে। শুক্রবার বিকালে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন ও মৎস্য বিভাগের যৌথ অভিযানে কপোতাক্ষ নদের সাহেব বাড়ী ঘাট ও শহরের পোস্ট অফিস মোড়ে এই ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়।

এ সময় সলেমানপুর পালপাড়ার নিত্ত রঞ্জন বিশ্বাসের ছেলে বিকাশ বিশ্বাসকে অবৈধ কারেন্ট জাল ব্যবহারের দায়ে মৎস্য রক্ষা ও সংরক্ষণ ১৯৫০ আইনের ৫(১) ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে জব্দকৃত ১’শ মিটার জাল আগুনে পুড়িয়ে ফেলা হয়। আহরণ করা দেশীয় মাছ পানিতে অবমুক্ত করা হয়।

পরে শহরের দুটি পোল্টি ফিডের দোকানে অভিযান পরিচালনা করে লাইসেন্স বিহীন পোল্টি ফিডের ব্যবসা পরিচালনার দায়ে মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ এর ২০ ধারায় ২ জন পোল্টি ফিড ব্যবসায়ীকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে সামাজিক দূরুত্ব বজায় ও মাস্ক ব্যবহার না করায় চায়ের দোকানে ৫’শ টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা সহকারী প্রোগ্রামার জিয়াউর রহমান, অফিস সহকারি সুব্রত বিশ্বাস, মডেল থানার এসআই তৌফিক আনাম, সাংবাদিক মঈন উদ্দীন খানসহ থানা পুলিশের একটি টিম।

জীবননগর গঙ্গাদাশপুর যুব সংগঠনের মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর গঙ্গাদাশপুর যুব সংগঠনের মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের সে¦চ্ছাসেবী সংগঠন গঙ্গাদাশপুর যুব সংগঠনের আয়োজনে এ

মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত।

গঙ্গাদাশপুর যুব সংগঠনের সভাপতি শাহিন কবিরের সভাপতিত্বে মাসিক আলোচনা সভায় উপস্থিত ছিলেন গঙ্গাদাশপুর যুব সংগঠনের উপদেষ্ঠা সাংবাদিক মিঠুন মাহমুদ, রাজিব হোসেন রাজু, সহ-সভাপতি আনারুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, যুগ্ন-সম্পাদক অনিক রহমান রনি, আরুক হোসেন, আকাশ মিয়া, বিপ্লব হোসেন, রিদয় প্রমুখ।